



## কাস্টোমার ইনভলভমেন্ট প্যানেলসমূহ

আমাদের মূল পরিষেবাগুলো দেখাশুনার জন্য আমরা বেশ কতগুলো কাস্টোমার ইনভলভমেন্ট প্যানেল স্থাপন করেছি। আমাদের পরিষেবাসমূহের উন্নয়নকে পরিশীলিত করে তোলায় সহায়তা করতে আমাদের প্যানেলসমূহ এক উত্তম উপায়। একজন প্যানেল সদস্য হিসেবে আপনি কোন প্রকল্পে মূল স্টাফ সদস্যদের সঙ্গে কাজ করার সুযোগ পেয়ে থাকেন, যা আপনার কাছে গুরুত্বপূর্ণ এমন বাস্তব পরিবর্তনগুলো সম্ভব করে তুলবে। কতগুলো প্যানেল মাঝে মাঝে মিলিত হয়, আর অবশিষ্ট প্যানেলসমূহ সারা বছর নিয়মিতভাবে একত্রিত হয়, কাজেই সংশ্লিষ্ট সময় কম বা বেশী হবে। যদি আপনার হাতে কয়েক মাস পর পর মাত্র কয়েক ঘন্টা সময় হাতে থাকে এবং আমাদের কোন একটি নির্দিষ্ট পরিষেবার ব্যাপারে আপনার আগ্রহ থাকে — এটি হতে পারে আমাদের মেরামত বা বড় ধরনের কাজ বা আমাদের এস্টেট পরিচালনার পদ্ধতি — তাহলে আমরা আপনার কথা শুনতে চাই□

### আপনি কি আগ্রহী?

আপনি কাস্টোমার ইনভলভমেন্ট প্যানেল (Customer Involvement Panels) সমূহের কোনটিতে যোগদানের ব্যাপারে আরো তথ্য জানতে চাইলে অনুগ্রহ করে 0300 303 1771 নম্বরে রেসিডেন্ট ইনভলভমেন্ট টিম -এর সঙ্গে যোগাযোগ করুন অথবা ইমেইল করুন এই ঠিকানায় [resident.involvement@shgroup.org.uk](mailto:resident.involvement@shgroup.org.uk)

### শেল্টারড হাউজিং ইনভলভমেন্ট প্রজেক্ট (Sheltered Housing Involvement Project- SHINE)

যদি আপনি শেল্টারড হাউজিং স্কীমে বসবাস করেন তাহলে আমাদের SHINE প্রকল্প আপনার জন্য আগ্রহের বিষয় হতে পারে। আমাদের সকল শেল্টারড হাউজিং বাসিন্দা যেন SHINE জরিপের মাধ্যমে আমাদের পরিষেবাগুলোর ব্যাপারে প্রতি বছর তাদের মতামত প্রদানের সুযোগ পান আমরা তা নিশ্চিত করি। আমাদের সাপোর্টেড হাউজিং স্টাফগণ উন্নয়ন পরিকল্পনায় এই জরিপকে ব্যবহার করেন, যা আমাদের কাজের ধরনকে পালটে দিয়ে স্থানীয় গ্রাহকের প্রয়োজন অনুযায়ী তাকে উপযুক্ত রূপ প্রদানের মাধ্যমে উন্নততর স্থানীয় সেবা প্রদান করবে অথবা বাসিন্দাদের জীবনযাত্রার মান বৃদ্ধি করবে□

সম্পূর্ণ হওয়া খুবই সহজ — কেবল আপনার SHINE জরিপটি ফেরত দেওয়ার ব্যাপারটি নিশ্চিত করুন এবং আপনার সাপোর্টেড হাউজিং টিম আয়োজিত যে কোন বৈঠকে চলে আসুন□

### আপনি কি আগ্রহী?

আপনি SHINE কার্যক্রমের ব্যাপারে আরো তথ্য জানতে চাইলে অনুগ্রহ করে 0300 303 1771 নম্বরে রেসিডেন্ট ইনভলভমেন্ট টিম-এর সঙ্গে যোগাযোগ করুন অথবা ইমেইল করুন এই ঠিকানায় [resident.involvement@shgroup.org.uk](mailto:resident.involvement@shgroup.org.uk)